

## জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু ১ নভেম্বর

নিজস্ব প্রতিবেদক \*

গত কয়েক বছরের মতো এবারও আগামী ১ নভেম্বর থেকে শুরু হবে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড গতকাল অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের সমাপনী পরীক্ষার সূচি প্রকাশ করেছে। ১ নভেম্বর শুরু হয়ে ১৮ নভেম্বর পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে। নির্ধারিত দিনে সকাল ১০টা থেকে শুরু হবে পরীক্ষা।

কোনো শিক্ষার্থী মোবাইল ফোন নিয়ে পরীক্ষাকেন্দ্রে যেতে পারবে না। এমনকি কেন্দ্র সচিব ছাড়া অন্য কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। তবে সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে পরীক্ষার্থীরা।

এবার থেকে জেএসসির নিয়মিত শিক্ষার্থীদের শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্মী ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়ের পরীক্ষা হবে না। এই তিন বিষয়ে শিক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করতে বলা হয়েছে।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	তারিখ.....
চীফ, পরিমণ্ডলা বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রোগ্রামার কার্যকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
স্বাক্ষর	

২